

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৩৩ - তাওয়াক্কুল বা আল্লাহর উপর ভরসা

১। আল্লাহ তাআলা এরশাদ করেছেন.

وَعَلَى اللَّهِ فَتَوَكَّلُوا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿المائدة: ٥٥ ا

"তোমরা যদি মুমিন হয়ে থাকো, তাহলে একমাত্র আল্লাহর উপরই ভরসা করো।" (মায়েদা : ২৩)

২। আল্লাহ তাআলা আরো এরশাদ করেছেন.

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ. (الانفال: ٤)

''একমাত্র তারাই মোমিন যাদের সামনে আল্লাহর কথা স্মরণ করা হলে তাদের অন্তরে ভয়ের সঞ্চার হয়।'' (আনফাল . ২)

وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُو حَسْبُهُ. (الطلاق: ٥)

" যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করে তার জন্য আল্লাহ তাআলাই যথেষ্ট।" (সূরা তালাক . ৩)

৪। ইবনে আববাস (রাঃ) থেকে বর্ণিত আছে, তিনি বলেন,

طبنا الله ونعم الوكيل এ কথা ইবরাহীম (আঃ) তখন বলেছিলেন, যখন তাঁকে অগ্নিকুন্ডে নিক্ষেপ করা হয়েছিলো। আর মুহাম্মদ (স:) একথা বলেছিলেন তখন, যখন তাঁকে বলা হলো,

الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ إِيمَانًا .

''লোকেরা আপনাদের বিরুদ্ধে এক শক্তিশালী বাহিনী জড়ো করেছে। অতএব তাদেরকে ভয় করুন। তখন তাঁদের ঈমান আরো বৃদ্ধি গেলো''। (আল-ইমরান: ১৭৩)।

- এ অধ্যায় থেকে নিমোক্ত বিষয়গুলো জানা যায় .
- 🕽 । আল্লাহর উপর ভরসা ফরজ।
- ২। আল্লাহর উপর ভরসা করা ঈমানের শর্ত।
- ৩। সুরা আনফালের ২নং আয়াতের ব্যাখ্যা।
- ৪। আয়াতটির তাফসীর, শেষাংশেই রয়েছে।
- ে। সূরা তালাকের ৩ নং আয়াতের তাফসীর।
- ৬। حسبنا لله نعم الوكيل কথাটি ইবরাহীম (আঃ) ও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল**াম বিপদের স**ময়



বলার কারণে এর গুরুতব ও মর্যাদা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5109

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন